দৈনিক সংবাদ

তারিখ 14 SEP 1992

পৃষ্ঠা ৩ ... ৭

109

# সন্ত্রাস দমন অধ্যাদেশ চূড়ান্ত করা হচ্ছে

## আজ মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত

(নিজস্ব বার্তা পরিবেশক) সন্ত্রাস দমনে অধ্যাদেশ জারির বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। আজ সোমবার বেলা ১১টায় অনুষ্ঠেয় মন্ত্রিপরিষদের বৈঠকে এই অধ্যাদেশটি জারির ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। সংবিধানের ৯৩/১ ধারা– বলে সরকার অধ্যাদেশের মাধ্যমে আইন প্রণয়ন করতে পারে।

আইন ও বিচার মন্ত্রণালয় প্রণীত সর্বশেষ খসড়া অধ্যাদেশটিতে বোমা ও অস্ত্রের সাহায্যে এবং গুলি করে কাউকে হত্যা, চাঁদা তোলা, মেয়েদের উত্যক্ত করার জন্য সর্বনিম্ন ৫ বছর সাজা ও সর্বোচ্চ মৃত্যুদণ্ড প্রদানের বিধান রাখা হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। সূত্রটি জানান, খসড়া অধ্যাদেশে এসব অপরাধের বিচারের জন্য জেলা জজের নেতৃত্বে বিশেষ ট্রাইব্যুনাল গঠন এবং সর্বোচ্চ চার মাসের মধ্যে বিচার সম্পন্ন করার বিধান রাখা হয়েছে। অধ্যাদেশটিতে উল্লেখ রয়েছে যে, এই আইনে গ্রেফতারকৃতদের কাউকে জামিন দেয়া যাবে না। অপরাধীকে গ্রেফতারের দেড় মাসের মধ্যে আইন প্রয়োগকারী সংস্থাকে তদন্ত শেষ করতে হবে। জেলা জজের নেতৃত্বে গঠিত বিশেষ ট্রাইব্যুনাল আড়াই মাসের মধ্যে বিচার সম্পন্ন করবে।